দৈনিক বাংলা

007

তারিখ 30 MAR 1989
পৃষ্ঠা 1 কলাম 7

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

# বাকসু নির্বাচনঃ ৫টি প্যানেল

।। নিজস্ব সংবাদদাতা ।।

কৃষি বিশ্ববিদ্যালয়, ২৯শে মার্চ।—বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (বাকসু) ও ৯টি হল সংসদের ১৪১টি পদে ৭শ ২১ জন প্রার্থীর মনোনয়ন চূড়ান্ত করা হয়েছে। এরমধ্যে বাকসুর ১৫টি পদে ৮৯ জন এবং ৯টি হল সংসদের ১২৬টি পদে ৬৩২ জন প্রার্থী হয়েছেন। নির্বাচন কমিশন আজ এ তালিকা প্রকাশ

(শেষ পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## বাকসু নির্বাচন

(১-এর পৃঃ পর)

করে।

বাকসুর ভিপি পদে ৬ জন এবং জিএস পদে ৫ জন প্রতিদ্বন্দ্বিতায় নেমেছেন। এবার ভোটার সংখ্যা ৩ হাজার ৮০৪ জন।

অর্থাৎ ছাত্র সংসদ নির্বাচনে এবার প্রতি পাঁচজন ছাত্রে একজন করে প্রার্থী হয়েছেন।

নির্বাচনে ছাত্র সংগ্রাম পরিষদের দু'টি প্যানেল, ছাত্রদলের একটি, ইসলামী ছাত্র শিবিরের একটি ও বিপ্লবী ছাত্র মঞ্চের একটি অর্থাৎ মোট পাঁচটি প্যানেল প্রতিদ্বন্দ্বিতা করছে।

ছাত্রলীগ (সু-র), ছাত্র ইউনিয়ন ও জাতীয় ছাত্র লীগের যৌথ প্যানেল হচ্ছে ফায়েজুল-দাদন পরিষদ সমাজতান্ত্রিক ছাত্র-ফ্রন্ট, ছাত্রলীগ (মু-না), ও ছাত্র মৈত্রীর প্যানেলের নাম শামছুল-রতন পরিষদ, ছাত্রদলের সুমন-কিংশুক পরিষদ, ইসলামী ছাত্র শিবিরের রব্বানী-আলমগীর পরিষদ এবং বিপ্লবী ছাত্র মঞ্চের পরিষদের নাম হচ্ছে হুসি-চঞ্চল পরিষদ।

উল্লেখ্য, ৪ঠা এপ্রিল নির্বাচন হচ্ছে। ক্যাম্পাসে নিরাপত্তার জন্য কড়া পুলিশ প্রহরা মোতায়েন রয়েছে।